



# সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৩৫৪


তারিখঃ ২৪/০৫/২০১২ইং

## প্রেস বিজ্ঞপ্তি

পুঁজিবাজারে দীর্ঘমেয়াদে স্থিতিশীলতা আনয়নের লক্ষ্যে এবং বিনিয়োগকারীদের স্বার্থে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, The Securities and Exchange Ordinance, 1969 এর Section 2CC এর প্রদত্ত ক্ষমতাবলে তালিকাভুক্ত কোম্পানীসমূহের পরিচালকদের তাঁদের স্ব-স্ব কোম্পানীতে সম্মিলিতভাবে ৩০ শতাংশ এবং এককভাবে ২ শতাংশ শেয়ার ধারণ সংক্রান্ত গত ২২/১১/২০১১ তারিখে ১টি প্রজ্ঞাপন জারী করে। উক্ত প্রজ্ঞাপনের বিপরীতে তালিকাভুক্ত কোম্পানীর কতিপয় পরিচালক উচ্চ আদালতে রীট পিটিশন দায়ের করলে মহামান্য আদালত বিস্তারিত শুনানী শেষে গত ২১/০৫/২০১২ তারিখে রীটটি খারিজ করে দেন। ফলশ্রুতিতে তালিকাভুক্ত কোম্পানীর উদ্যোক্তা পরিচালকদের শেয়ার ধারণ সংক্রান্ত কমিশনের প্রজ্ঞাপনটি বহাল রয়েছে।

পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানীসমূহ কর্তৃক এই প্রজ্ঞাপন পরিপালন সংক্রান্ত সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে কমিশন জরুরী ভিত্তিতে তথ্যাদি সংগ্রহ করছে। উল্লেখ্য, বিজ্ঞ আদালতের গত ২১/০৫/২০১২ তারিখের রায়ের পূর্ণাঙ্গ কপি পাওয়ার পর কমিশন তা যথাযথভাবে পরিপালনে দ্রুত পদক্ষেপ গ্রহণ করবে।

ইতোমধ্যে এতদসংক্রান্ত বিষয়ে আরো কিছু রীট উচ্চ আদালতে বিচারাধীন রয়েছে, যা দ্রুততম সময়ে নিষ্পত্তির জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে।

  
২৪/০৫/২০১২  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র